প্রোজ্জ্বল

# গভর্নিং বডির ত্রিবার্ষিক কার্যক্রম ২০১৩-২০১৬




## ঢাকা কমার্স কলেজ
## DHAKA COMMERCE COLLEGE

(স্ব-অর্থায়নে পরিচালিত, রাজনীতি ও ধূমপানমুক্ত)

ঢাকা কমার্স কলেজ রোড, মিরপুর, ঢাকা-১২১৬

ফোন: ৯০০৪৯৪২, ৯০০৭৯৪৫, ৯০২৩৩৩৮, ফ্যাক্স: ৮৮-০২-৯০৩৭৭২২

www.dcc.edu.bd DhakaCommerceCollege

# ঢাকা কমার্স কলেজের শ্রেষ্ঠত্বের স্বীকৃতি



## ২০১৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ-এর নিকট থেকে জাতীয় বিশ্ববিদ্যালয় ঘোষিত কলেজ র‌্যাংকিং ২০১৫-এ বেসরকারি কলেজ সমূহের মধ্যে ১ম স্থান অর্জনকারী ঢাকা কমার্স কলেজের পক্ষে সনদ ও ক্রেস্ট গ্রহণ করছেন অধ্যক্ষ প্রফেসর মোঃ আবু সাইদ।



## ২০০২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় শিক্ষামন্ত্রী ড. এম ওসমান ফারুক-এর নিকট থেকে ২০০২-এর জাতীয় শিক্ষা সপ্তাহে শ্রেষ্ঠ কলেজ হিসেবে দ্বিতীয়বার ঢাকা কমার্স কলেজের পক্ষে সনদ ও ক্রেস্ট নিচ্ছেন কলেজের স্বপ্নদ্রষ্টা, উদ্যোক্তা, প্রতিষ্ঠাতা ও অধ্যক্ষ প্রফেসর কাজী মোঃ নুরুল ইস্‌লাম ফারুকী।



## ১৯৯৬

১৯৯৬-এর জাতীয় শিক্ষা সপ্তাহে শ্রেষ্ঠ কলেজ হিসেবে ঢাকা কমার্স কলেজের পক্ষে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নিকট থেকে সনদ ও ক্রেস্ট নিচ্ছেন কলেজের স্বপ্নদ্রষ্টা, উদ্যোক্তা, প্রতিষ্ঠাতা ও অধ্যক্ষ প্রফেসর কাজী মোঃ নুরুল ইস্‌লাম ফারুকী।

# গভর্নিং বডির ত্রিবার্ষিক কার্যক্রম

## ১৭ জুন ২০১৩ থেকে ৯ জুলাই ২০১৬

প্রোজ্জ্বল

## গভর্নিং বডি ২০১৩-২০১৬



# ঢাকা কমার্স কলেজ

## প্রধান পৃষ্ঠপোষক

প্রফেসর ড. সফিক আহমেদ সিদ্দিক
চেয়ারম্যান, গভর্নিং বডি

## পৃষ্ঠপোষক

এ এফ এম সরওয়ার কামাল
সদস্য, গভর্নিং বডি

প্রফেসর মোঃ আলী আজম
সদস্য, গভর্নিং বডি

প্রফেসর আবু সালেহ
সদস্য, গভর্নিং বডি

## উপদেষ্টা পরিষদ

প্রফেসর কাজী মোঃ নুরুল ইস্‌লাম ফারুকী
সদস্য, গভর্নিং বডি

প্রফেসর মোঃ শামছুল হুদা এফসিএ
সদস্য, গভর্নিং বডি

আহমেদ হোসেন
সদস্য, গভর্নিং বডি

প্রফেসর ডা. এম এ রশীদ
সদস্য, গভর্নিং বডি

প্রফেসর মিঞা লুৎফার রহমান
সদস্য, গভর্নিং বডি

আবু ইয়াহিয়া দুলাল
সদস্য, গভর্নিং বডি

মোসা. হাফিজুন নাহার
সদস্য, গভর্নিং বডি

শহীদুল হক খান
সদস্য, গভর্নিং বডি

## সম্পাদক

প্রফেসর মোঃ আবু সাইদ
অধ্যক্ষ

## সম্পাদনা পরিষদের সদস্য

প্রফেসর মোঃ শফিকুল ইসলাম
উপাধ্যক্ষ, প্রশাসন (ভারপ্রাপ্ত)

প্রফেসর মোঃ মোজাহার জামিল
উপদেষ্টা (অ্যাকাডেমিক)

## সম্পাদনা সহকারী

প্রফেসর মোঃ রোমজান আলী
শিক্ষার্থী উপদেষ্টা

মোঃ মঈনউদ্দিন আহমদ
সহযোগী অধ্যাপক, ইংরেজি বিভাগ

এস এম আলী আজম
সহযোগী অধ্যাপক, ব্যবস্থাপনা বিভাগ

মীর মো. জহিরুল ইসলাম
সহকারী অধ্যাপক, বাংলা বিভাগ

# প্রোজ্জ্বল
## গভর্নিং বডির ত্রিবার্ষিক কার্যক্রম
### ১৭ জুন ২০১৩ থেকে ৯ জুলাই ২০১৬

**প্রোজ্জ্বল**
গভর্নিং বডির ত্রিবার্ষিক কার্যক্রম
প্রকাশকাল:৯ জুলাই ২০১৬
প্রকাশনায়: ঢাকা কমার্স কলেজ

**Projjol**
Three Years' (2013-2016) Activities of Governing Body
Published by Dhaka Commerce College
Dhaka-1216, Bangladesh

Printed by:
**Century Printing Press & Graphics**
Mirpur-1, Dhaka-1216, Mobile: 01712003154
E-mail: geasuddin2011@gmail.com

# একনজরে ঢাকা কমার্স কলেজ

| | | |
|---|---|---|
| | প্রতিষ্ঠাকাল | ১ জুলাই ১৯৮৯ |
| | উদ্দেশ্য | বাণিজ্য বিষয়ক তাত্ত্বিক ও ব্যবহারিক শিক্ষার সমন্বয়ে শিক্ষার্থীদের সুশিক্ষিত ও স্বশিক্ষিত করে গড়ে তোলা |
| | আদর্শ | রাজনীতি ও ধূমপানমুক্ত পরিবেশ এবং স্ব-অর্থায়ন |
| | পরিচালনা পরিষদ | ১৬ সদস্য বিশিষ্ট |
| | শিক্ষক সংখ্যা | ১৩২ জন |
| | কর্মকর্তা-কর্মচারী সংখ্যা | ১১২ জন |

## কোর্সসমূহ

| | | |
|---|---|---|
| | উচ্চ মাধ্যমিক | ব্যবসায় শিক্ষা |
| | স্নাতক (সম্মান) | ব্যবস্থাপনা, হিসাববিজ্ঞান, মার্কেটিং, ফিন্যান্স অ্যান্ড ব্যাংকিং, ইংরেজি, অর্থনীতি ও বিবিএ প্রফেশনাল |
| | স্নাতকোত্তর | ব্যবস্থাপনা, হিসাববিজ্ঞান, মার্কেটিং, ফিন্যান্স অ্যান্ড ব্যাংকিং, ইংরেজি ও অর্থনীতি। |

## বর্তমান শিক্ষার্থী সংখ্যা

| শ্রেণি | শিক্ষাবর্ষ | সংখ্যা |
|---|---|---|
| উচ্চ মাধ্যমিক | ২০১৫-১৬ | ২০০৪ |
| | ২০১৪-১৫ | ২৫৭০ |
| স্নাতক (সম্মান) | ২০১৫-১৬ | ৪২০ |
| | ২০১৪-১৫ | ৩৪৭ |
| | ২০১৩-১৪ | ২০৭ |
| | ২০১২-১৩ | ১৭৯ |
| | ২০১১-১২ | ২৪২ |
| | ২০১০-১১ | ১৫৭ |
| বিবিএ প্রোগ্রাম | | ২০৭ |
| স্নাতকোত্তর | | ২৬৯ |
| | সর্বমোট | ৬৬০২ জন |

## শিক্ষা কার্যক্রম :

(ক) পরীক্ষা : সাপ্তাহিক, মাসিক এবং তিন মাস পরপর পর্ব পরীক্ষা

(খ) উপস্থিতি : কমপক্ষে ৯০% (বাধ্যতামূলক)

(গ) আসন বিন্যাস : নির্ধারিত

(ঘ) সেকশন/গ্রেড পরিবর্তন : টার্ম পরীক্ষার ফলাফলের ভিত্তিতে

(ঙ) ফলাফল : উচ্চ মাধ্যমিক: ১৯৯১-২০০২ মেধাতালিকায় স্থান লাভ ৭৮ জন, স্টার নম্বর ৪৫৩ জন, ১ম বিভাগ ৪১৯১ জন পাশের হার ৯৪.৪১%

২০০৩-২০১৫ সাল পর্যন্ত উচ্চমাধ্যমিকে জিপিএ ৫ পেয়েছে ৫৯৩২ জন, জিপিএ ৪-৫ পেয়েছে ১৪২৭৫ জন জিপিএ ৩-৪ পেয়েছে ১৭৭৪ জন, জিপিএ ২-৩ পেয়েছে ৫৮ জন, গড় পাসের হার ৯৯.৭৭%

স্নাতক সম্মান/স্নাতকোত্তর পরীক্ষার ফলাফল: প্রায় বছরই পাসের হার শতভাগ থাকে

(চ) কলেজ ইউনিফরম : নির্ধারিত

## শিক্ষা সম্পূরক কার্যক্রম :

শিক্ষা সফর, ক্রীড়া ও সাংস্কৃতিক কর্মকাণ্ড, ক্লাব কার্যক্রম, মাসিক পত্রিকা ও বার্ষিকী প্রকাশ, মিলাদ, বার্ষিক ভোজ ইত্যাদি।

# গভর্নিং বডি ২০১৩-২০১৬



**প্রফেসর ড. সফিক আহমেদ সিদ্দিক,** চেয়ারম্যান

**শিক্ষা বিষয়ক তথ্য:** বি.কম. (সম্মান), এম.কম. (হিসাববিজ্ঞান) ঢাকা বিশ্ববিদ্যালয়; এম.এস.সি (ফাইন্যান্সিয়াল ম্যানেজমেন্ট) ১৯৭৮, সাউদাম্পটন বিশ্ববিদ্যালয়, যুক্তরাজ্য; পি-এইচ.ডি (ইন্ডাস্ট্রিয়াল ম্যানেজমেন্ট) ১৯৮৫, ব্রুনাল ইউনিভার্সিটি, যুক্তরাজ্য।

**কর্মজীবন:** প্রভাষক, হিসাববিজ্ঞান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ১৯৭৪-৭৬; সহকারী অধ্যাপক, হিসাববিজ্ঞান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ১৯৮৬-৮৮, সহকারী অধ্যাপক, ব্রুনাই বিশ্ববিদ্যালয়, ১৯৮৮-৯১; বর্তমানে অধ্যাপক হিসাববিজ্ঞান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়; সাবেক চেয়ারম্যান, BUBT ট্রাস্ট ও চেয়ারম্যান, ব্যুরো অব বিজনেস রিসার্চ, ঢাকা বিশ্ববিদ্যালয়।

**সামাজিক কর্মকাণ্ড:** চেয়ারম্যান, পরিচালনা পরিষদ, ঢাকা কমার্স কলেজ; সাবেক চেয়ারম্যান, বিইউবিটি ট্রাস্ট; প্রতিষ্ঠাতা সচিব, বঙ্গবন্ধু মেমোরিয়াল ট্রাস্ট; জীবন সদস্য, বাংলা একাডেমি।



**এ. এফ. এম. সরওয়ার কামাল,** সদস্য

**শিক্ষা বিষয়ক তথ্য:** বি.কম (অনার্স) ও এম.কম, ঢাকা বিশ্ববিদ্যালয়। আলিয়েন্স ফ্রাঁসেস হতে ডিপ্লোমা ইন ফ্রেঞ্চ সম্পন্ন।

**কর্মজীবন:** ডানকান ব্রাদার্স কোম্পানিতে কর্মজীবন শুরু। ১৯৭০ সালে তৎকালীন পাকিস্তান সিভিল সার্ভিস পরীক্ষায় উত্তীর্ণ হয়ে পোস্টাল বিভাগে যোগদান। ১৯৮২ সালে সরকারের উপসচিব পদমর্যাদা লাভ। ১৯৯২ সালের ফেব্রুয়ারি মাসে যুগ্ম সচিব হিসাবে পদোন্নতি। ১৯৯৪ সালে জাপানে বাংলাদেশ দূতাবাসের ইকনমিক মিনিস্টারের মর্যাদাপূর্ণ দায়িত্ব পান এবং ২০০১ সাল পর্যন্ত উক্ত পদে দায়িত্ব পালন করেন। ২০০০ সালে অতিরিক্ত সচিব পদে পদোন্নতি লাভ। ২০০১ সালে পূর্ণ সচিব হিসাবে পদোন্নতি লাভ এবং পর্যায়ক্রমে বস্ত্র ও পাট, শিল্প এবং স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা মন্ত্রণালয়ের সচিব হিসাবে দায়িত্ব পালন। ২০০৫ সালে সরকারি চাকরি হতে অবসর গ্রহণের পর ইন্টারন্যাশনাল জুট স্টাডি গ্রুপ এর সেক্রেটারি জেনারেল হিসাবে দায়িত্ব পালন।

**সামাজিক কর্মকাণ্ড:** সরকারের গুরুত্বপূর্ণ দায়িত্ব পালনের পাশাপাশি তিনি বিভিন্ন সামাজিক ও শিক্ষা প্রতিষ্ঠানের সাথে প্রত্যক্ষভাবে জড়িত; ঢাকা কমার্স কলেজের প্রতিষ্ঠাতা এবং ২০০২ সাল থেকে ২০০৯ সাল পর্যন্ত কলেজের পরিচালনা পর্ষদের সভাপতির দায়িত্ব পালন; চেয়ারম্যান, বিইউবিটি ট্রাস্ট।



**প্রফেসর মোঃ আলী আজম,** সদস্য

**শিক্ষা বিষয়ক তথ্য :** বি.কম (অনার্স), এম.কম (ঢাকা বিশ্ববিদ্যালয়), লন্ডন ইনস্টিটিউট অব এডুকেশন অ্যান্ড রিসার্চ (লন্ডন বিশ্ববিদ্যালয়)-এ শিক্ষা ব্যবস্থাপনা বিষয়ে অধ্যয়ন, মেরি হাউস কলেজ অব এডুকেশন (স্কটল্যান্ড)-এ শিক্ষা ব্যবস্থাপনায় প্রশিক্ষণ।

**কর্মজীবন:** প্রভাষক, ব্রাহ্মণবাড়িয়া কলেজ, এডওয়ার্ড কলেজ, পাবনা ও সরকারি কমার্স কলেজ, চট্টগ্রাম; অধ্যাপক, ঢাকা কলেজ; উপাধ্যক্ষ (বি.সি.ই.এস) সরকারি কলেজ, কুষ্টিয়া; এডিপিআই, শিক্ষা অধিদপ্তর; অধ্যক্ষ, সরকারি আশেক মাহমুদ কলেজ, জামালপুর ও আজম খান সরকারি কমার্স কলেজ, খুলনা; পরিচালক, নায়েম; সদস্য (অর্থ), সদস্য (শিক্ষাক্রম) ও চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড; কনস্যালট্যান্ট ইউনিসেফ, শিক্ষা বিষয়ক উপদেষ্টা বাংলাদেশ ইউনিভার্সিটি অব বিজনেস অ্যান্ড টেকনোলজি (বিইউবিটি)-সর্বমোট কর্মজীবন ৫৬ বছর ।

**সামাজিক কর্মকাণ্ড:** সদস্য, বিইউবিটি ট্রাস্ট; নিজ এলাকায় মসজিদ কমিটির সদস্য; দাতব্য চিকিৎসা কেন্দ্র স্থাপন ও পরিচালনা এবং নিজ গ্রামে বিভিন্ন সমাজ কল্যাণমূলক প্রতিষ্ঠানের সাথে জড়িত; ঢাকা কমার্স কলেজের প্রতিষ্ঠালগ্ন হতে পরিচালনায় সক্রিয় অংশগ্রহণ।



**প্রফেসর আবু সালেহ,** সদস্য

**শিক্ষা বিষয়ক তথ্য:** ঢাকা বিশ্ববিদ্যালয়, ইংল্যান্ডের ব্রুনাল ইউনিভার্সিটি ও ইংল্যান্ডের ডারহাম বিশ্ববিদ্যালয়ে অধ্যয়ন।

**কর্মজীবন:** ঢাকা বিশ্ববিদ্যালয়ের ব্যবস্থাপনা বিভাগের প্রফেসর; পরিচালক, ব্যুরো অব বিজনেস রিসার্চ, ঢাকা বিশ্ববিদ্যালয়; সদস্য, বোর্ড অব ট্রাস্টি, ঢাকা স্টক একচেঞ্জ ইনভেস্টর্স প্রটেকশন ফান্ড; বর্তমানে বাংলাদেশ ইউনিভার্সিটি অব বিজনেস অ্যান্ড টেকনোলজি (বিইউবিটি)-এর উপাচার্য।

**সামাজিক কর্মকাণ্ড:** সদস্য, বিইউবিটি ট্রাস্ট; এবং বিভিন্ন সামাজিক কর্মকাণ্ডের সাথে জড়িত।

**প্রকাশনা:** গবেষণাধর্মী বহুলেখা বিভিন্ন জার্নালে প্রকাশিত।



**প্রফেসর কাজী মোঃ নুরুল ইস্‌লাম ফারুকী,** সদস্য

**কর্মজীবন:** বর্তমানে অনারারি প্রফেসর, ঢাকা কমার্স কলেজ। ১ জানুয়ারি ১৯৬৯ সালে টি.এন্ড.টি. কলেজে কর্মজীবন শুরু। পরবর্তীকালে লালমাটিয়া মহিলা কলেজ, তেজগাঁও কলেজ, জগন্নাথ কলেজ, ঢাকা কলেজ এবং কবি নজরুল কলেজে দীর্ঘ ৩৭ বৎসর শিক্ষকতা করেন এবং ২০১০ সাল পর্যন্ত ঢাকা কমার্স কলেজে অধ্যক্ষ হিসেবে কর্মরত ছিলেন।
**সামাজিক কর্মকাণ্ড:** ঢাকা কমার্স কলেজ এর উদ্যোক্তা, সংগঠক ও প্রতিষ্ঠাতা; সদস্য, বিইউবিটি ট্রাস্ট; ঢাকা মহিলা কলেজ ও লালমাটিয়া প্রাইমারি স্কুলের উদ্যোক্তা ও প্রতিষ্ঠাতা; চরমোহনা উচ্চ বিদ্যালয় ও চরমোহনা পোস্ট অফিসের প্রতিষ্ঠাতা; সাবেক সদস্য (অর্থ কমিটি), জাতীয় বিশ্ববিদ্যালয়; সাবেক সিনেট সদস্য, ঢাকা বিশ্ববিদ্যালয়; সাবেক সদস্য, ঢাকা বোর্ড কমিটি; নিজ গ্রামে স্বঅর্থায়নে মসজিদ, মাদ্রাসা ও স্কুল-কলেজ প্রতিষ্ঠা; উপদেষ্টা ও আজীবন সদস্য, লক্ষ্মীপুর বার্তা।
**রাষ্ট্রীয় পুরস্কার:** জাতীয় শিক্ষা সপ্তাহ ১৯৯৩-এ ঢাকা মহানগরীর শ্রেষ্ঠ কলেজ শিক্ষক হিসেবে স্বর্ণপদক ও সনদপ্রাপ্ত।
**প্রকাশনা:** বিভিন্ন পত্র-পত্রিকায় ৪০টির মত প্রবন্ধ প্রকাশ ছাড়াও উচ্চমাধ্যমিক, স্নাতক ও স্নাতকোত্তর শ্রেণির ২৯টিরও বেশি পাঠ্য বইয়ের লেখক।



**প্রফেসর মোঃ সামছুল হুদা,** সদস্য

**শিক্ষা বিষয়ক তথ্য:** বি.কম (সম্মান), এম.কম (হিসাববিজ্ঞান), ঢাকা বিশ্ববিদ্যালয়, এফসিএ
**কর্মজীবন:** পরিচালক (অর্থ), নবাব আবদুল মালেক জুট মিলস।
**সামাজিক কর্মকাণ্ড:** ঢাকা কমার্স কলেজের প্রতিষ্ঠাতা ও প্রথম অধ্যক্ষ; সদস্য, বিইউবিটি ট্রাস্ট; ঢাকাস্থ চট্টগ্রাম অ্যালামনাই অ্যাসোসিয়েশনের প্রতিষ্ঠাতা জীবন সদস্য; বাংলাদেশ ইনস্টিটিউট অব চাটার্ড একাউন্টেন্টস এর ফেলো মেম্বার।



**আহমেদ হোসেন,** সদস্য

**শিক্ষা বিষয়ক তথ্য:** কমার্স গ্রাজুয়েট, ঢাকা বিশ্ববিদ্যালয়।
**কর্মজীবন:** ম্যানেজিং ডিরেক্টর, নবাব আবদুল মালেক জুট মিলস।
**সামাজিক কর্মকাণ্ড:** ঢাকা কমার্স কলেজ পরিচালনা পরিষদের দাতা সদস্য; সদস্য, বিইউবিটি ট্রাস্ট; বাংলাদেশ জুট স্পিনার্স এসোসিয়েশনের সভাপতি; বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান ও ধর্মীয় প্রতিষ্ঠানের সাথে সম্পৃক্ত।
**ভ্রমণ:** ব্যবসায়িক কাজে বিশ্বব্যাপী ভ্রমণ।



**প্রফেসর মিঞা লুৎফার রহমান,** সদস্য

**শিক্ষা বিষয়ক তথ্য:** বি.কম, জগন্নাথ কলেজ এবং এম.কম, রাজশাহী বিশ্ববিদ্যালয়।
**কর্মজীবন:** শিক্ষক (বিসিএস, শিক্ষা); রাজেন্দ্র কলেজ, ফরিদপুর; বঙ্গবন্ধু কলেজ, গোপালগঞ্জ; অধ্যক্ষ, সারদা সুন্দরী মহিলা কলেজ, ফরিদপুর; রাজেন্দ্র কলেজ, ফরিদপুর; পরিচালক (কলেজ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ; প্রক্টর, বাংলাদেশ ইউনিভার্সিটি অব বিজনেস অ্যান্ড টেকনোলজি (বিইউবিটি)।
**সামাজিক কর্মকাণ্ড:** সদস্য, বিইউবিটি ট্রাস্ট; প্রতিষ্ঠাতা, যদুনন্দী কমিউনিটি প্রাথমিক বিদ্যালয়, জগজ ইসলামিয়া দাখিল মাদ্রাসা ও নবকাম পল্লী ডিগ্রি কলেজ; অন্যতম প্রতিষ্ঠাতা, ঢাকা গোল্ডেন কলেজ এবং ফরিদপুরের নবকাম অঞ্চলের মানুষের আর্থ সামাজিক উন্নয়নে প্রচেষ্টা গ্রহণ।
**পদক ও সম্মাননা:** ফরিদপুর জসীম ফাউন্ডেশন কর্তৃক সমাজকর্ম ও শিক্ষায় স্বর্ণপদক প্রাপ্ত।



**অধ্যাপক ডা. এম এ রশীদ,** সদস্য

**শিক্ষা বিষয়ক তথ্য:** MBBS, MPH (HM), DTM, D.Card, FACC (USA), FRCP (Glasgow)
**কর্মজীবন:** প্রধান নির্বাহী কর্মকর্তা ও প্রফেসর অব কার্ডিওলজি এন্ড সিনিয়র কনসালটেন্ট, ইব্রাহিম কার্ডিয়াক হসপিটাল এন্ড রিসার্চ ইনস্টিটিউট, ঢাকা।
**ঐতিহাসিক কর্মকাণ্ড:** মুক্তিযুদ্ধে অংশ গ্রহণ ও অন্যান্যদের যুদ্ধে অংশগ্রহণে উদ্বুদ্ধকরণ।
**সামাজিক কর্মকাণ্ড:** আব্দুল গফুর মেমোরিয়াল মাধ্যমিক বিদ্যালয়, যশোর; মরিয়ম বিবি দাখিল মাদ্রাসা, যশোর; সমন্বিত বৃদ্ধ ও শিশু আশ্রম (আমাদের বাড়ি), যশোর এর প্রতিষ্ঠাতা ও সভাপতি এবং যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, ঢাকা কমার্স কলেজ, তেজগাঁও মহিলা কলেজ, ডা. রওশন আলী কলেজ অব সায়েন্স এন্ড টেকনোলজি এর গভর্নিং বডির সদস্য; যশোর জেলা সমিতি, ঢাকা এর প্রাক্তন ও বর্তমান সভাপতি।
**সম্মাননা ও স্বীকৃতি:** চিকিৎসায় বিশেষ অবদানের জন্য বাংলাদেশ কালচারাল ফাউন্ডেশন কর্তৃক সম্মাননা পদক ২০০৯ লাভ।
**ভ্রমণ:** বৈজ্ঞানিক প্রবন্ধ পাঠ্য ও বিভিন্ন সেমিনারে অংশগ্রহণের জন্য ৫০টির অধিক দেশ ভ্রমণ।



**শহীদুল হক খান,** অভিভাবক প্রতিনিধি

**শিক্ষা বিষয়ক তথ্য:** ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে পরিসংখ্যানে স্নাতকোত্তর এবং বিআইএম/সাবেক বিএমডিসি থেকে ফিন্যান্সিয়াল ম্যানেজমেন্টে পোস্ট গ্রাজুয়েট ডিপ্লোমা।
**কর্মজীবন:** আলফা অ্যান্ড এসোসিয়েট কোম্পানিজ-এ ভোগ্যপণ্য বিক্রয়-বিপণন (১৯৮৯-২০০১)। পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশনে ২০০১ সালে ফিন্যান্সিয়াল এনালিস্ট পদে যোগদান এবং বর্তমানে যুগ্ম-পরিচালক (অর্থ) পদে কর্মরত।
**সামাজিক কর্মকাণ্ড:** আজীবন সদস্য, ঢাকা বিশ্ববিদ্যালয় রেজিস্টার্ড গ্রাজুয়েট, পরিসংখ্যান বিভাগ অ্যালামনাই অ্যাসোসিয়েশন, বাংলাদেশ পরিসংখ্যান সমিতি।



**মোসাঃ হাফিজুন নাহার,** অভিভাবক প্রতিনিধি

**জন্ম তারিখ:** ২১ জুন ১৯৬৮
**শিক্ষা বিষয়ক তথ্য:** বিএসএস (সম্মান), এমএসএস (অর্থনীতি), রাজশাহী বিশ্ববিদ্যালয়; এবিআইএ, বাংলাদেশ ইনসিওরেন্স একাডেমি।
**কর্মজীবন:** সহকারী জেনারেল ম্যানেজার, সাধারণ বিমা কর্পোরেশন।



**আবু ইয়াহিয়া দুলাল,** অভিভাবক প্রতিনিধি

**শিক্ষা বিয়য়ক তথ্য:** এম.এ, ঢাকা বিশ্ববিদ্যালয়; এলএলবি, ঢাকা বিশ্ববিদ্যালয়; এলএলএম, প্রাইম ইউনিভার্সিটি।
**কর্মজীবন:** ১৯৮৭ সালে ঢাকা জজ কোর্টে আইনজীবী হিসেবে প্র্যাকটিস শুরু; ১৯৯১ হতে সুপ্রীম কোর্ট-এর হাইকোর্ট বিভাগে যোগদান এবং প্র্যাকটিস শুরু; বর্তমানে রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক)-এর আইনজীবী হিসেবে এবং বাংলাদেশ সুপ্রীম কোর্টে এডভোকেট হিসেবে কর্মরত।
**সামাজিক কর্মকাণ্ড:** আজীবন সদস্য, ঢাকা বিশ্ববিদ্যালয় রেজিস্টার্ড গ্রাজুয়েট; বাংলা বিভাগ অ্যালামনাই অ্যাসোসিয়েশন, ঢাকা বিশ্ববিদ্যালয়; ঢাকা বিশ্ববিদ্যালয় অ্যালামনাই অ্যাসোসিয়েশন।



| | |
|---|---|
| নাম | : **মোঃ জাহিদ হোসেন সিকদার,** শিক্ষক প্রতিনিধি ২০১৩ |
| পদবী | : প্রফেসর |
| বিভাগ | : মার্কেটিং |
| শিক্ষা সংক্রান্ত তথ্য | : বি.কম (সম্মান), এম.কম (মার্কেটিং), এম.বি.এ |
| কলেজে যোগদানের তারিখ | : ৫ মে ১৯৯০ |
| বর্তমান ঠিকানা | : এ-৪, শিক্ষক আবাসিক ভবন, ঢাকা কমার্স কলেজ, ঢাকা |
| স্থায়ী ঠিকানা | : আলতাফ হোসেন রোড, রূপগঞ্জ বাজার, নড়াইল |
| রক্তের গ্রুপ | : O- |



| | |
|---|---|
| নাম | : **মোঃ সাইদুর রহমান মিঞা,** শিক্ষক প্রতিনিধি ২০১৩ |
| পদবী | : সহযোগী অধ্যাপক |
| বিভাগ | : বাংলা বিভাগ |
| শিক্ষা সংক্রান্ত তথ্য | : বি.এ (সম্মান), এম.এ (বাংলা), এম.বি.এ (মার্কেটিং) |
| কলেজে যোগদানের তারিখ | : ১ নভেম্বর ১৯৯২ |
| বর্তমান ঠিকানা | : এ-৯, শিক্ষক আবাসিক ভবন, ঢাকা কমার্স কলেজ, ঢাকা |
| স্থায়ী ঠিকানা | : গ্রাম-ঘোষবাড়ি, ডাকঘর-মনতলা, উপজেলা-মুক্তাগাছা, জেলা-ময়মনসিংহ |
| রক্তের গ্রুপ | : O+ |



| | |
|---|---|
| নাম | : **ফারহানা সাত্তার,** শিক্ষক প্রতিনিধি ২০১৩ |
| পদবী | : সহযোগী অধ্যাপক |
| বিভাগ | : ফিন্যান্স অ্যান্ড ব্যাংকিং |
| শিক্ষা সংক্রান্ত তথ্য | : বি.কম (অনার্স), এম.কম, এম.বি.এ (ফিন্যান্স) |
| কলেজে যোগদানের তারিখ | : ৭ ডিসেম্বর ২০০৩ |
| বর্তমান ঠিকানা | : বি-১৮, শিক্ষক আবাসিক ভবন, ঢাকা কমার্স কলেজ, ঢাকা |
| স্থায়ী ঠিকানা | : গ্রাম: কালিকশার, পো: পাতড্ডা বাজার, থানা: চৌদ্দগ্রাম, জেলা: কুমিল্লা |
| রক্তের গ্রুপ | : B+ |



| | |
|---|---|
| নাম | : **মোঃ আব্দুল কাইয়ুম,** শিক্ষক প্রতিনিধি ২০১৪ |
| পদবী | : প্রফেসর |
| বিভাগ | : ইংরেজি |
| শিক্ষা সংক্রান্ত তথ্য | : বিএ (অনার্স), এমএ (ইংরেজি), এমএ ইন ইএলটি |
| কলেজে যোগদানের তারিখ | : ১ অক্টোবর ১৯৮৯ |
| বর্তমান ঠিকানা | : এ-১৫, শিক্ষক আবাসিক ভবন, ঢাকা কমার্স কলেজ, ঢাকা |
| স্থায়ী ঠিকানা | : গ্রাম: বকচর, পোঃ মারিয়ালা, থানা- আশাশুনি, জেলা- সাতক্ষিরা |
| রক্তের গ্রুপ | : B+ |



| | |
|---|---|
| নাম | : **মোহাম্মদ আক্তার হোসেন,** শিক্ষক প্রতিনিধি ২০১৪ |
| পদবী | : সহযোগী অধ্যাপক |
| বিভাগ | : ফিন্যান্স অ্যান্ড ব্যাংকিং |
| শিক্ষা সংক্রান্ত তথ্য | : স্নাতক (সম্মান), স্নাতকোত্তর, এম.বি.এ (ফিন্যান্স) |
| কলেজে যোগদানের তারিখ | : ১ নভেম্বর ১৯৯৫ |
| বর্তমান ঠিকানা | : এ-১০, শিক্ষক আবাসিক ভবন, ঢাকা কমার্স কলেজ, ঢাকা |
| স্থায়ী ঠিকানা | : গ্রাম: হাতিঘাটা, পো: ইন্দুরিয়া, থানা: মতলব উত্তর, জেলা: চাঁদপুর |
| ইমেইল | : akter2005@yahoo.com |
| রক্তের গ্রুপ | : A+ |



| | | |
|---|---|---|
| নাম | : | **ফারহানা আরজুমান,** শিক্ষক প্রতিনিধি ২০১৪ |
| পদবী | : | সহকারী অধ্যাপক |
| বিভাগ | : | ব্যবস্থাপনা |
| শিক্ষা সংক্রান্ত তথ্য | : | বিবিএ, এমবিএ |
| কলেজে যোগদানের তারিখ | : | ১ নভেম্বর ২০০৬ |
| বর্তমান ঠিকানা | : | প্লট-১০, ব্লক-সি, এভিনিউ-২, সেকশন-১২, পল্লবী, মিরপুর, ঢাকা-১২১৬ |
| স্থায়ী ঠিকানা | : | ঐ |
| রক্তের গ্রুপ | : | O+ |



| | | |
|---|---|---|
| নাম | : | **মোঃ নূরুল আলম ভূঁইয়া,** শিক্ষক প্রতিনিধি ২০১৫-১৭ |
| পদবী | : | সহযোগী অধ্যাপক |
| বিভাগ | : | ব্যবস্থাপনা |
| শিক্ষা সংক্রান্ত তথ্য | : | বি.কম (অনার্স), এম.কম (ব্যবস্থাপনা) |
| কলেজে যোগদানের তারিখ | : | ৫ জুলাই ১৯৯৩ |
| বর্তমান ঠিকানা | : | এ-১১, শিক্ষক আবাসিক ভবন, ঢাকা কমার্স কলেজ, ঢাকা |
| স্থায়ী ঠিকানা | : | গ্রাম -লুধুয়া, পোঃ ভূঁইয়া বাড়ি, উপজেলা-রায়পুর, জেলা: লক্ষ্মীপুর |
| ইমেইল | : | nab.khasru@gmail.com |
| রক্তের গ্রুপ | : | AB+ |



| | | |
|---|---|---|
| নাম | : | **ড. মোঃ মিরাজ আলী আকন্দ,** শিক্ষক প্রতিনিধি ২০১৫-১৭ |
| পদবী | : | সহযোগী অধ্যাপক |
| বিভাগ | : | পরিসংখ্যান, কম্পিউটার ও গণিত |
| শিক্ষা সংক্রান্ত তথ্য | : | বি.এসসি (অনার্স), এম.এসসি, এম.ফিল, পিএইচ.ডি (গণিত) |
| কলেজে যোগদানের তারিখ | : | ৩ মে ১৯৯৭ |
| বর্তমান ঠিকানা | : | স্কয়ার টাওয়ার, ৩৬/৬, ২বি, মিরপুর রোড, ধানমণ্ডি, ঢাকা-১২০৫ |
| স্থায়ী ঠিকানা | : | গ্রাম: ঘোমগাঁও, ডাকঘর: রূপসী বাজার, উপজেলা: ফুলপুর, জেলা: ময়মনসিংহ |
| ইমেইল | : | mirijaknd@gmail.com |
| রক্তের গ্রুপ | : | O+ |



| | | |
|---|---|---|
| নাম | : | **হাফিজা শারমিন,** শিক্ষক প্রতিনিধি ২০১৫ |
| পদবী | : | সহকারী অধ্যাপক |
| বিভাগ | : | অর্থনীতি |
| শিক্ষা সংক্রান্ত তথ্য | : | স্নাতক (সম্মান), স্নাতকোত্তর (অর্থনীতি), এম.বি.এ (ফিন্যান্স) |
| কলেজে যোগদানের তারিখ | : | ১৬ মে ২০০৪ |
| বর্তমান ঠিকানা | : | ২৭/বি, শিক্ষক আবাসিক ভবন, ঢাকা কমার্স কলেজ, ঢাকা |
| স্থায়ী ঠিকানা | : | বাড়ি: ৩৫, রোড: ৯, সেক্টর: ৪, উত্তরা, ঢাকা |
| ইমেইল | : | sharmin.dcc04@gmail.com |
| রক্তের গ্রুপ | : | A+ |



| | | |
|---|---|---|
| নাম | : | **সুরাইয়া খাতুন,** শিক্ষক প্রতিনিধি ২০১৬-১৭ |
| পদবী | : | সহকারী অধ্যাপক |
| বিভাগ | : | অর্থনীতি |
| শিক্ষা সংক্রান্ত তথ্য | : | স্নাতক (সম্মান), স্নাতকোত্তর, (অর্থনীতি), এম.বি.এ (ফিন্যান্স) |
| কলেজে যোগদানের তারিখ | : | ১৬ ফেব্রুয়ারি ২০০৫ |
| বর্তমান ঠিকানা | : | বাড়ি: সি-১০, রোড: ৫/এ, আরামবাগ আ/এ, পল্লবী, ঢাকা-১২১৬ |
| স্থায়ী ঠিকানা | : | ঐ |
| ইমেইল | : | skbadhon21@gmail.com |
| রক্তের গ্রুপ | : | A+ |

# প্রশাসন



**প্রফেসর মোঃ আবু সাইদ,** অধ্যক্ষ ও সদস্য সচিব, পরিচালনা পরিষদ

**শিক্ষা বিষয়ক তথ্য:** বি.কম (সম্মান), এম.কম (হিসাববিজ্ঞান)

**কর্মজীবন:** কর্মজীবন শুরু সিরাজগঞ্জ ইসলামিয়া কলেজে অধ্যাপনার মাধ্যমে। পরবর্তীতে ১৯৭৯ সালে বিসিএস পরীক্ষায় উত্তীর্ণ হয়ে সরকারি জগন্নাথ কলেজে প্রভাষক হিসেবে যোগদান। সুদীর্ঘ কর্মজীবনে সরকারি সোহরাওয়ার্দী কলেজ ও সরকারি আনন্দমোহন কলেজে অধ্যাপনা। ২০০৬ সালে জামালপুরে বক্সীগঞ্জ সরকারি কলেজে অধ্যক্ষ পদে যোগদান। পরবর্তীতে সিরাজগঞ্জে সরকারি আকবর আলী কলেজ ও সর্বশেষ টাঙ্গাইল সরকারি সাদত কলেজে অধ্যক্ষের দায়িত্ব পালন। ৫ মার্চ ২০১২ থেকে ঢাকা কমার্স কলেজের অধ্যক্ষ হিসেবে নিয়োজিত।

**প্রকাশনা:** প্রণেতা, উচ্চতর ব্যবসায় অর্থসংস্থান।

**সামাজিক কর্মকাণ্ড:** বিভিন্ন সামাজিক ও শিক্ষা প্রতিষ্ঠান পরিচালনার সাথে সম্পৃক্ত।



| | | |
|---|---|---|
| **নাম** | : | **প্রফেসর মোঃ শফিকুল ইসলাম** |
| **পদবী** | : | উপাধ্যক্ষ, প্রশাসন (ভারপ্রাপ্ত) |
| **শিক্ষা সংক্রান্ত তথ্য** | : | বি.কম (সম্মান), এম.কম (ব্যবস্থাপনা), এম.বি.এ (ব্যবস্থাপনা) |
| **কলেজে যোগদানের তারিখ** | : | ১ জুলাই ১৯৮৯ |
| **বর্তমান ঠিকানা** | : | এ-৩, শিক্ষক আবাসিক ভবন, ঢাকা কমার্স কলেজ, ঢাকা |
| **স্থায়ী ঠিকানা** | : | গ্রাম : নরসিংহপুর, পো: নাজিরগঞ্জ, থানা : সুজানগর, জেলা : পাবনা |
| **রক্তের গ্রুপ** | : | B+ |
| **সামাজিক কর্মকাণ্ড** | : | ঢাকা কমার্স কলেজের প্রতিষ্ঠাতা ও প্রতিষ্ঠাতা শিক্ষক। |



| | | |
|---|---|---|
| **নাম** | : | **প্রফেসর মোঃ মোজাহার জামিল** |
| **পদবী** | : | উপদেষ্টা (অ্যাকাডেমিক) |
| **শিক্ষা সংক্রান্ত তথ্য** | : | বি.কম (সম্মান), এম.কম (ব্যবস্থাপনা) |
| **কলেজে যোগদানের তারিখ** | : | ১ জানুয়ারি ২০০৭ |
| **বর্তমান ঠিকানা** | : | ১৬/২২ ব্লক-সি, তাজমহল রোড, মোহাম্মদপুর, ঢাকা- ১২০৭ |
| **রক্তের গ্রুপ** | : | AB+ |
| **কর্মজীবন** | : | বিসিএস পরীক্ষায় উত্তীর্ণ হয়ে ব্যবস্থাপনা বিষয়ের প্রভাষক হিসেবে টাঙ্গাইলের সরকারি এম এম আলী কলেজে শিক্ষকতা জীবন শুরু। পরবর্তীতে ঢাকা কলেজ, ইডেন কলেজ ও সরকারি গুরুদয়াল কলেজে শিক্ষকতা করেন। তাছাড়া জাতীয় বিশ্ববিদ্যালয়ে উপ-পরীক্ষা নিয়ন্ত্রক, শ্রীবরদী সরকারি কলেজে অধ্যক্ষ এবং ঢাকা কলেজে উপাধ্যক্ষ হিসেবে কর্মরত ছিলেন। সরকারি কলেজ থেকে অবসরের পর ঢাকা কমার্স কলেজে উপাধ্যক্ষ (অ্যাকাডেমিক) ও ভারপ্রাপ্ত অধ্যক্ষ পদে দায়িত্ব পালন করেন এবং বর্তমানে উপদেষ্টা (অ্যাকাডেমিক) পদে কর্মরত। |

# ব্যবসায় শিক্ষার শ্রেষ্ঠ প্রতিষ্ঠান
# ঢাকা কমার্স কলেজ

বাংলাদেশের ব্যবসায় শিক্ষার শ্রেষ্ঠ প্রতিষ্ঠান ঢাকার মিরপুরে অবস্থিত ঢাকা কমার্স কলেজ। ১৯৮৯ সালে গঠিত ব্যবসায় শিক্ষার বিশেষায়িত প্রতিষ্ঠান ঢাকা কমার্স কলেজ সম্পূর্ণ স্ব-অর্থায়নে পরিচালিত এবং রাজনীতি ও ধূমপানমুক্ত। ১৯৯৬ এবং ২০০২ সালে শিক্ষা মন্ত্রণালয় থেকে জাতীয় পর্যায়ে শ্রেষ্ঠ শিক্ষাপ্রতিষ্ঠানের স্বীকৃতি অর্জনের পর কলেজটি জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রথমবারের মতো ঘোষিত কলেজ র‌্যাংকিং ২০১৫-এ দেশের সেরা বেসরকারি কলেজ নির্বাচিত হয়েছে।




ঢাকা কমার্স কলেজ তিন ক্যাটাগরিতে শ্রেষ্ঠত্বের পদক লাভ করে দেশজুড়ে নন্দিত হয়েছে। র‌্যাংকিংয়ে ঢাকা কমার্স কলেজ জাতীয় পর্যায়ে ৫টি সেরা কলেজ এর মধ্যে ৪র্থ, জাতীয় পর্যায়ে সেরা বেসরকারি কলেজ এবং ঢাকা-ময়মনসিংহ অঞ্চলের ১০টি সেরা কলেজের মধ্যে ৩য় স্থান অর্জন করেছে। কলেজের বর্তমান ছাত্র-ছাত্রীর সংখ্যা প্রায় ৬ হাজার ৬শ জন, শিক্ষক সংখ্যা ১৩২, কর্মকর্তা ও কর্মচারীর সংখ্যা ১১২। এ কলেজে উচ্চমাধ্যমিক ব্যবসায় শিক্ষা এবং ৭টি বিষয়ে অনার্স ও মাস্টার্স কোর্স রয়েছে। রয়েছে অত্যাধুনিক কেন্দ্রীয় লাইব্রেরি, সকল সম্মান শ্রেণির বিভাগগুলোতে রয়েছে স্বতন্ত্র সেমিনার লাইব্রেরি ও অত্যাধুনিক ৪টি কম্পিউটার ল্যাব। ডাইনামিক ওয়েবসাইট এর মাধ্যমে কলেজের গুরুত্বপূর্ণ কার্যাদি সফটওয়্যারে সম্পাদন করা হয়। অ্যাকাডেমিক ক্যালেন্ডার ও কোর্স প্ল্যান অনুযায়ী কলেজের শিক্ষা কার্যক্রম পরিচালিত হয়। ব্যবসায় শিক্ষার সেরা প্রতিষ্ঠান ঢাকা কমার্স কলেজের বিশেষ বৈশিষ্ট্য হলো শিক্ষার্থীদের পূর্বের চেয়ে ভালো ফল অর্জন করার নিশ্চয়তা। বাস্তব ও প্রয়োজনভিত্তিক পাঠদান এবং নিয়মিত ও বাধ্যতামূলক অভ্যন্তরীণ পরীক্ষায় অংশগ্রহণের কারণে বোর্ড ও বিশ্ববিদ্যালয়ের পরীক্ষায় অবিরাম সাফল্য ধরে রাখা সম্ভব হয়েছে এ প্রতিষ্ঠানটির। প্রতিবছরই অনুষ্ঠিত হচ্ছে সাহিত্য-সাংস্কৃতিক ও ক্রীড়া প্রতিযোগিতা, বনভোজন, সুন্দরবন ভ্রমণ, নৌবিহার, শিক্ষাসফর, অফিস ও শিল্প-কারখানা পরিদর্শন, বার্ষিক ভোজ, মিলাদ ইত্যাদি। জাতীয় পর্যায়ে বিভিন্ন ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতায় অত্র কলেজের শিক্ষার্থীরা অংশগ্রহণ করে প্রায় প্রতি বছরই পদক ছিনিয়ে আনছে। শিক্ষার্থীর সুপ্ত প্রতিভার পরিস্ফুটন ও নেতৃত্ব বিকাশে রয়েছে বিভিন্ন ক্লাব কার্যক্রম। মাত্র ১৫শ' ৫০ টাকা নিয়ে যে ঢাকা কমার্স কলেজ এর যাত্রা শুরু সরকার বা দাতাদের অনুদান ছাড়াই ২৫ বছরেই উন্নয়নের গতিধারায় কলেজটি বর্তমানে বিশাল মহীরুহে পরিণত হয়েছে। কলেজের রয়েছে প্রতি তলায় ১০ হাজার ৬শ' বর্গফুট মেঝের ১১ তলা বিশিষ্ট ১নং অ্যাকাডেমিক ভবন এবং প্রতি তলায় ৭ হাজার বর্গফুট আয়তনের ১৫ তলা বিশিষ্ট ২ নং অ্যাকাডেমিক ভবন এবং ৮ তলা বিশিষ্ট প্রশাসনিক ভবন, ১২ তলা বিশিষ্ট ২টি শিক্ষক ভবন, ১৫শ আসন বিশিষ্ট সুবিস্তৃত অডিটোরিয়াম, ৭২ সিটের ছাত্রীনিবাস, জিমনেশিয়াম, ক্যাফেটেরিয়া, শহীদ মিনার, মসজিদ ও মাঠ। নিজস্ব জমি ও বিশাল অবকাঠামো, নিয়মিত ক্লাস, পরীক্ষার ফলাফলের অপ্রতিদ্বন্দ্বিতা, ছাত্র-শিক্ষক কাম্য অনুপাত, উচ্চ শিক্ষিত ও প্রশিক্ষিত শিক্ষক, তথ্য প্রযুক্তির ব্যবহার, সমৃদ্ধ প্রকাশনা, বিশাল লাইব্রেরি ও কম্পিউটার ল্যাব, শিক্ষা সম্পূরক কার্যক্রম, সার্বক্ষণিক বিশুদ্ধ পানীয় ও স্যানিটেশন সুবিধা ইত্যাদি ইতিবাচক কার্যসূচক ঢাকা কমার্স কলেজকে শ্রেষ্ঠত্বের মুকুট দিয়েছে। ঢাকা কমার্স কলেজের কৃতিত্ব ও সফলতার দাবিদার বিজ্ঞ গভর্নিং বডি। ঢাকা কমার্স কলেজের পরিচালনা পরিষদে রয়েছেন দেশজুড়ে সুপরিচিত শিক্ষাবিদ ও সমাজসেবী ব্যক্তিবর্গ। ঢাকা কমার্স কলেজ প্রকল্প বাস্তবায়ন কমিটি (১৯৮৮-৮৯)-র আহ্বায়ক ছিলেন প্রফেসর কাজী মোঃ নুরুল ইসলাম ফারুকী, সাংগঠনিক কমিটি (১৯৮৯-৯০)-র সভাপতি ছিলেন বিসিআইসির চেয়ারম্যান মোহাম্মদ তোহা, নির্বাহী কমিটি (১৯৯০-৯১) এর সভাপতি ছিলেন মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক প্রফেসর আব্দুর রশিদ চৌধুরী। কলেজ পরিচালনা পরিষদের পূর্ববর্তী চেয়ারম্যানগণ হলেন- ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য ড. শহীদ উদ্দিন আহমেদ (১৯৯১-৯৮), সাবেক স্বাস্থ্য সচিব এএফএম সরওয়ার কামাল (২০০২-২০০৯) এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রফেসর ড. সফিক আহমেদ সিদ্দিক (১৯৯৮-২০০১ ও ২০০৯ থেকে বর্তমান)। ঢাকা কমার্স কলেজে প্রতিনিয়ত চলে নিবিড় শিক্ষা সাধনা। সমৃদ্ধ প্রকাশনা ভাণ্ডার, ক্রীড়া, সংস্কৃতিসহ শিক্ষাসহায়ক কার্যক্রমেও এখানকার শিক্ষার্থীরা সৃজনশীলতার স্বাক্ষর রেখেছে সর্বত্র। বৈশ্বিক শিক্ষা যেমন একটি নিয়মের মধ্যে আবর্তিত হচ্ছে, তেমনি ঢাকা কমার্স কলেজেও বিশ্বায়নের সাথে তাল মিলিয়ে প্রযুক্তিসমৃদ্ধ আধুনিক পাঠদান পদ্ধতির মাধ্যমে যশ ও খ্যাতি নিয়ে সাফল্যের শীর্ষে এগিয়ে চলছে।

# গভর্নিং বডির ত্রিবার্ষিক কার্যক্রম
## ১৭ জুন ২০১৩ থেকে ৯ জুলাই ২০১৬

প্রতিষ্ঠানের সকল সফলতার প্রধান দাবিদার এর পরিচালনা পরিষদ। ঢাকা কমার্স কলেজের অবিরত কৃতিত্ব ও অর্জনের প্রশংসা প্রাপ্য প্রতিষ্ঠানটির বিজ্ঞ ও দক্ষ পরিচালনা পরিষদ। ২০১৩-২০১৬ মেয়াদে পরিচালনা পরিষদের সুবিবেচনাপ্রসূত সিদ্ধান্ত ও নির্দেশনায় বহুমাত্রিক কার্য সম্পাদিত হয়েছে যা কলেজের সুনাম ও খ্যাতি বৃদ্ধি করেছে এবং বিভিন্ন ক্ষেত্রে সাফল্য বয়ে এনেছে। ঢাকা কমার্স কলেজের গভর্নিং বডির ত্রিবার্ষিক কার্যক্রমের সংক্ষিপ্ত বিবরণ অত্র প্রকাশনায় তুলে ধরা হলো।

## শিক্ষা

- কলেজ শিক্ষা ব্যবস্থাপনাকে যুগোপযোগী ও মানসমৃদ্ধ করার লক্ষ্যে একাদশ ও দ্বাদশ শ্রেণির পরীক্ষার ফলাফল ও পাঠোন্নয়নের ক্ষেত্রে 'মেধা লালন নীতিমালা' প্রবর্তন করা হয়।
- ভবিষ্যতে ভালো ফলাফলের জন্য কলেজের অভ্যন্তরীণ পরীক্ষাগুলো বোর্ডের নিয়ম অনুযায়ী গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। অভ্যন্তরীণ পরীক্ষাসমূহের প্রশ্নের ধরন বোর্ডের অনুরূপ করার সিদ্ধান্ত হয়। কোনো শিক্ষার্থী অভ্যন্তরীণ পরীক্ষায় পুনঃপুনঃ খারাপ করলে শিক্ষা বোর্ডের বিধি অনুযায়ী প্রমোশন বা চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ রহিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। অভ্যন্তরীণ পরীক্ষার প্রশ্নপত্র প্রণয়ন, ছাপা ও সংরক্ষণ পদ্ধতিকে সুরক্ষিত ও নিশ্চিতকরণের সিদ্ধান্ত হয়। মাসিক পরীক্ষার উত্তরপত্র মূল্যায়ণ করে তা শিক্ষার্থীদের মাধ্যমে অভিভাবকদের নিকট প্রেরণের কার্যকর ব্যবস্থা গ্রহণ করা এবং প্রশ্নপত্র প্রণয়ন ও মডারেশন পদ্ধতি আরও কার্যকর করার সিদ্ধান্ত গৃহীত হয়।
- কলেজে ইতোপূর্বে স্থগিত হয়ে যাওয়া বিবিএ প্রফেশনাল প্রোগ্রাম ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষ হতে পুনরায় চালু করা হয়। উল্লেখ্য যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্দেশক্রমে বিবিএ প্রফেশনাল প্রোগ্রামের পাঠদান কার্যক্রম সম্পূর্ণ ইংরেজি মাধ্যমে স্থিরীকরণ হয় এবং পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়।
- উচ্চমাধ্যমিক শ্রেণিতে ৪ বিষয়ের (১. তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ২. ফিন্যান্স অ্যান্ড ব্যাংকিং ও বিমা ৩. উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন এবং ৪. ভূগোল) অধিভুক্তি হয়।
- শিক্ষাবোর্ড/এনসিটিবি থেকে রিসোর্স পারসন এনে সৃজনশীল প্রশ্ন পদ্ধতি বিষয়ে শিক্ষকদেরকে প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়।



লাইব্রেরি




সৃজনশীল পদ্ধতি বিষয়ে শিক্ষক প্রশিক্ষণ (৮.১১.২০১৩)

- কলেজের অভ্যন্তরীণ পরীক্ষার ফলাফল দ্রুততর সময়ে প্রকাশের লক্ষ্যে বহুনির্বাচনী উত্তরপত্র OMR মেশিন দ্বারা মূল্যায়ণ ব্যবস্থা চালু করা হয়। এতে সময় ও অর্থ সাশ্রয় হচ্ছে এবং শিক্ষকদের কাজের পরিমাণ (Workload) কমছে। উচ্চমাধ্যমিক ২০১৫-১৬ এবং অনার্স ২০১৫-১৬ শিক্ষাবর্ষের ভর্তিতে OMR ব্যবহার করা শুরু হয়। সফট্‌ওয়্যারে পরীক্ষার ফল প্রকাশ করা হচ্ছে। ২০১৬ সালে ডাইনামিক ওয়েবসাইট ও অফিসিয়াল ফেসবুক চালু হয়। কলেজের সকল অফিসিয়াল কাজ অটোমেশনের আওতায় আনার কাজ শুরু করা হয়েছে।
- একাদশ শ্রেণিতে আসন সংখ্যা ২৬০০ থেকে বাড়িয়ে ২৯০০ তে উন্নীত করা হয়। ইংরেজি ভার্সনে ছাত্র ভর্তির সংখ্যা বৃদ্ধির সিদ্ধান্ত গৃহীত হয়।
- গত ৩ বছরে বিভিন্ন বিষয়ে ২৯ জন প্রভাষক নিয়োগ করা হয়।
- ৪ জন সহকারী অধ্যাপককে সহযোগী অধ্যাপক পদে এবং ১৭ জন প্রভাষককে সহকারী অধ্যাপক পদে পদোন্নতি দেয়া হয়।
- ‘স্বাধীন বাংলাদেশের অভ্যূদয়ের ইতিহাস’ বিষয় পড়ানোর জন্য এ বিষয়ে যোগ্যতা সম্পন্ন খণ্ডকালীন শিক্ষক নিয়োগ করা হয়।
- কম্পিউটার ল্যাব, বিবিএ প্রফেশনালের সকল বর্ষের এবং অনার্স প্রথম বর্ষের শ্রেণি কক্ষসমূহ মাল্টিমিডিয়া কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে।



আধুনিক কম্পিউটার ল্যাব উদ্বোধন করছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের হিসাববিজ্ঞান ও তথ্য ব্যবস্থা বিভাগের প্রফেসর ড. মো. মনজুর মোরশেদ (৩০.০৩.২০১৪)



ডাইনামিক ওয়েবসাইট, ওয়েব সফটওয়্যার ও ফেসবুক উদ্বোধন করছেন জিবি চেয়ারম্যান (৯.৪.২০১৬)




জিবি-শিক্ষক মতবিনিময় সভা (১৩.৬.২০১৫)

